দৈনিক
আমাদের সময়

তারিখ 12 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# আন্তর্জাতিক দরপত্রে প্রাথমিকের বই ছাপা হবে

নিজস্ব প্রতিবেদক ●

প্রাথমিক স্তরের পাঠ্যবই ছাপাতে সরকার আন্তর্জাতিক দরপত্র আহ্বান করেছে। এ বছর দেশি-বিদেশি প্রতিষ্ঠান দরপত্রে অংশ নিয়েছে। এসব পাঠ্যবই ছাপার কাজে বিদেশি প্রকাশনা সংস্থার অংশগ্রহণ ঠেকাতে চেয়েছিলেন দেশি মুদ্রাকররা। গত বছর ২২ মুদ্রাকর ও প্রকাশক জোটবেঁধে অস্বাভাবিক কম দরে কাজ নিয়েছিলেন। ফলে এ বছরের শুরুতে যেসব বই শিশুদের হাতে তুলে দেওয়া হয়, তা ছিল নিম্নমানের। এবার এমন 'সিন্ডিকেট' তৈরি হতে দিতে নারাজ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

এনসিটিবির একটি দায়িত্বশীল সূত্র জানায়– ভারত, চিন ও দক্ষিণ কোরিয়ার কয়েকটি ছাপাখানা রয়েছে। তবে যাচাই-বাছাইয়ের পর বলা যাবে কারা কাজ পাচ্ছেন।

অন্যদিকে মাধ্যমিক স্তরের ৪০ লাখ ৩২ হাজার শিক্ষক নির্দেশিকা বই একটি

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## আন্তর্জাতিক দরপত্রে

(৩ এর পৃষ্ঠার পর) সংস্থার মাধ্যমে ছাপানো হচ্ছে বলে জানান এনসিটিবির সচিব ইমরুল হাসান। তিনি বলেন, এ বিষয়ে চুক্তিও হয়েছে। এনসিটিবি সূত্র জানায়, ২০১৭ সালের জন্য প্রাক-প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত ৩৬ কোটি ৩ লাখ ১৮ হাজার ৯৭৯ কপি বই ছাপানো হবে। বইয়ের মান রক্ষায় এনসিটিবি আগে যেখানে পরিদর্শক নিয়োগ করত, সেখানে এবার দাতাদের সঙ্গে আলোচনা করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরই পরিদর্শক নিয়োগ করবে।